

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, আগস্ট ২২, ২০১৭

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়  
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা  
প্রজ্ঞাপন

তারিখ: ১৭ আশ্বিন ১৪২৪/০২ অক্টোবর ২০১৭

নং ১৭.০০.০০০০.০০৯.০৬.০০৮.১৭-৪৯৪—নির্বাচন কমিশন সচিবালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের “নিয়োগ, পদোন্নতি, প্রশাসনিক সংস্কার ও পুনর্বিন্যাস এবং দক্ষতা উন্নয়ন কমিটির” গত ১৩ আগস্ট ২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কার্যালয়ের যুগ্মসচিব, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, উপসচিব ও সিনিয়র সহকারী সচিবের শূন্য পদে চলতি দায়িত্ব প্রদানের লক্ষ্যে নিম্নবৃত্তভাবে কমিটি গঠন করা হল:

সভাপতি

(১) সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

সদস্যবৃন্দ

(২) অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

(৩) যুগ্মসচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

কমিটির কার্যপরিধি :

(ক) নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কার্যালয়ের যুগ্মসচিব, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, উপসচিব ও সিনিয়র সহকারী সচিবের শূন্য পদে চলতি দায়িত্ব প্রদানের বিষয়ে সুপারিশ প্রণয়ন করবে।

(খ) জনবল ব্যবস্থাপনা অধিশাখা উক্ত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

প্রধান নির্বাচন কমিশনারের আদেশক্রমে

ফরহাদ আহাম্মদ খান  
উপসচিব (সংস্থাপন)।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

( ৮৮৬৫ )

মূল্য : টাকা ৪.০০